গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -১ শাখা
www.sid.gov.bd

বিষয়: **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি : শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চিফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ : ২০/১২/২০২১ খ্রি.
সময় : বিকাল ২.৩০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বর্তমান সরকার বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করার যে মহতী পরিকল্পনা গ্রহণ করেছে তা বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন সম্ভব। এপর্যায়ে তিনি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্যসচিব জনাব মু: ওয়াহিদ মুরাদকে ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর আওতায় সভার বিষয়াদি উপস্থাপনের অনুরোধ করেন।

২। তাঁর অনুমতিক্রমে সদস্যসচিব জানান যে, ই-গভর্ন্যাস ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর কর্মসম্পাদন ১.১.১ অনুযায়ী একটি নতুন উদ্ভাবনী ধারণা, সূচক ১.২.১ অনুযায়ী একটি সেবা সহজীকরণ এবং সূচক ১.৩.১ অনুযায়ী ন্যূনতম একটি সেবা ডিজিটাইজেশন করতে হবে। এর পরিপ্রেক্ষিতে ন্যূনতম একটি সেবা ডিজিটাইজেশনের জন্য "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" নামে একটি উদ্যোগ বিভাগ থেকে গ্রহণ করা হয়েছে। উদ্যোগটি বাস্তবায়নের জন্য এ বিভাগের উপসচিব জনাব মোঃ দিলদার হোসেনকে আহ্বায়ক করে "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস বাস্তবায়ন কমিটি" গঠন করা হয়েছে।

৩। "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস বাস্তবায়ন কমিটির" আহ্বায়ক জনাব মোঃ দিলদার হোসেন জানান, বিবিএস যে পরিসংখ্যান প্রস্তুত করে বিশেষ করে গুরুত্বপূর্ণ পরিসংখ্যানসমূহ, যেমন Growth rate of GDP, Per Capita Income, Remittance, Export-Import ইত্যাদি সরকারি দপ্তরের উচ্চপর্যায়ের ব্যক্তিবর্গ, বৈদেশিক মিশনগুলোতে কর্মরত রাষ্ট্রদূত-হাইকমিশনারগণ, রিসার্স সেন্টার ও বিশ্ববিদ্যালয়ে পৌছানোর জন্য "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" সিস্টেমটি প্রস্তুত করা হয়েছে। এ সেবার মাধ্যমে হালনাগাদকৃত বাংলাদেশের জাতীয় গুরুত্বপূর্ণ পরিসংখ্যানিক তথ্যাদি সহজেই স্টেকহোল্ডারদের কাছে পৌছানো সম্ভব হবে। এর ফলে দেশে পরিসংখ্যানের ব্যবহার বৃদ্ধি পাবে এবং দেশের জনগণ এ থেকে উপকৃত হবেন। পরিসংখ্যানিক তথ্য প্রেরণের জন্য ৫২টি সূচক বা ইন্ডিকেটর বাছাই করে এসংশ্লিষ্ট তথ্যসংগ্রহ করা হয়েছে। বর্তমানে সিস্টেমটি সার্ভারে হোস্ট করা হয়েছে এবং মেইলের মাধ্যমে তথ্য প্রেরণের জন্য প্রস্তুত।

৪। সভাপতি সংগৃহীত ডেটাসমূহ কখন সিস্টেমে এন্ট্রি দেওয়া হবে তা জানতে চান। এপর্যায়ে সিস্টেম অ্যানালিস্ট জনাব রফিকুল ইসলাম বলেন, বর্তমানে সিস্টেমটি প্রস্তুত রয়েছে, ডেটা চূড়ান্ত হলেই তা দ্রুত এন্ট্রি করা হবে। সভাপতি বলেন, আগামী ২৩ ডিসেম্বর ২০২১-এর মধ্যে ডেটা চূড়ান্ত করে সিস্টেমে এন্ট্রি করে তা উপস্থাপন করতে হবে।

৫। সদস্যসচিব বলেন, এঅর্থবছরের উদ্ভাবনী ধারণা হিসেবে "API Development for Geo Code System"-কে বাছাই করা হয়েছে। উদ্ভাবনী ধারণাটি ১৬-০৩-২০২২ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে। এপর্যায়ে সভাপতি বলেন, উদ্ভাবনী ধারণাটির বাস্তবায়ন অগ্রগতি আগামী ৩১ জানুয়ারি, ২০২২ খ্রি. এর মধ্যে উপস্থাপন করতে হবে।

**অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:**

পূর্ব পৃষ্ঠার পর:

৬। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) আগামী ২৩ ডিসেম্বর ২০২১-এর মধ্যে ডেটা চূড়ান্ত করে “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" সিস্টেমে এন্ট্রি করে তা উপস্থাপন করতে হবে;

(খ) পরবর্তী সমন্বয় সভা অথবা সমন্বিত এপিএ-এর সভায় “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" ডিজিটাল সার্ভিসটি সচিব মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে;

(গ) সচিবের অনুমোদন নিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ৩০-১২-২০২১-এর মধ্যে প্রস্তুত “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" ডিজিটাল সার্ভিসটি বাস্তবায়ন ও পরিচালনার জন্য একটি অফিস আদেশ জারি করতে হবে;

(ঘ) "API Development for Geo Code System" উদ্ভাবনী ধারণাটির বাস্তবায়ন অগ্রগতি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে আগামী ৩১ জানুয়ারি ২০২২-এর মধ্যে উপস্থাপন করতে হবে।

৭। অবশেষে আর কোনো আলোচনা না থাকায় উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কর্মসম্পাদনের নির্দেশনা দিয়ে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শেখ মোঃ কাবেদুল ইসলাম)
অতিরিক্ত সচিব
ও
চিফ ইনোভেশন অফিসার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং:-৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২১- ৯৬/২

তারিখ:- ০৬ পৌষ ১৪২৮ / ২১ ডিসেম্বর ২০২১

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(১) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(২) জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(৩) উপসচিব , উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(৪) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(৫) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(৬) সিস্টেম অ্যানালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(৭) প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(৮) সিনিয়র সহকারী সচিব, আইন শাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
(৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১০) মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

জ্ঞাতার্থে (অনুলিপি):

(১) ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (অতিরিক্ত সচিবের সদয় অবগতির জন্য)।
(২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (অতিরিক্ত সচিবের সদয় অবগতির জন্য)।
(৩) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (অতিরিক্ত সচিবের সদয় অবগতির জন্য)।
(৪) ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৪) অফিস কপি।

২১/১২/২১

মু: ওয়াহিদ মুরাদ
প্রোগ্রামার (আইসিটি)ও সদস্যসচিব, ইনোভেশন টিম